



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৬৫৩৫/৭৬৯

তারিখ : ১৭/০৯/২০২০ খ্রি.

বিষয় : চলমান ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

সূত্র : ক) যশোর শিক্ষা বোর্ডের ২৬/০৭/২০২০ খ্রি. তারিখে বিঅ-৬/৬৫৩৫/৭০৯ স্মারকপত্র।

খ) নড়াইল জেলা প্রশাসক মহোদয় ১৭/০৬/২০১৯ খ্রি. তারিখে ০৫.৪৪.৬৫০০.১০২.০৩.০০২.২০১৯-৮২৩ নং স্মারকপত্র।

গ) জনাব হীরা বিশ্বাস-এর ০৮/০৭/২০২০ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার সদর উপজেলাধীন গোবরা প্রগতি মাধ্যমিক বিদ্যালয়ের বরখাস্তকৃত সহকারী গ্রন্থাগারিক জনাব হীরা বিশ্বাস-এর চূড়ান্ত বরখাস্ত বিধি সম্মত না হওয়ায় বিগত ২০/১১/২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৭৩তম সভার ১৪ নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী স্বপদে পুনর্বহালসহ বকেয়া বেতন ভাতা পরিশোধ করে পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে বিদ্যালয় পরিদর্শককে জানানোর জন্য পত্র দেয়া হয়। একইভাবে নড়াইল জেলা প্রশাসক মহোদয় ১৭/০৬/২০১৯ খ্রি. তারিখে ০৫.৪৪.৬৫০০.১০২.০৩.০০২.২০১৯-৮২৩ নং স্মারক পত্রে বকেয়া বেতন ও উচ্চতর গ্রেড প্রদানের জন্য নির্দেশ প্রদান করেন। তাসত্ত্বেও চলমান ম্যানেজিং কমিটি জনাব হীরা বিশ্বাসকে শুধু স্বপদে যোগদান করান কিন্তু কোন বকেয়া বেতন ভাতা ও উচ্চতর গ্রেড প্রদানের ব্যবস্থা গ্রহণ করেননি। এমনকি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে তার আবেদন অগ্রায়নও করেননি। এমতাবস্থায় বকেয়া বেতন ভাতা প্রদানের বিষয়ে প্রধান শিক্ষক ও সভাপতিকে ২৬/০৭/২০২০ খ্রি. তারিখে বিঅ-৬/৬৫৩৫/৭০৯ স্মারক পত্রে জবাব দাখিলের জন্য বলা হয়। প্রধান শিক্ষক কারণ দর্শানো জবাব দাখিল করলেও সভাপতি কোন জবাব দাখিল করেননি। প্রধান শিক্ষক তার জবাবে উল্লেখ করেন যে, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির ৩২নং সভায় সহকারী গ্রন্থাগারিক জনাব হীরা বিশ্বাস-এর আচরণ যথাযথ ও সন্তোষজনক না হওয়ায় তাকে ১০ কোডে বেতন প্রদানে অসম্মতি জ্ঞাপন করে সর্বসম্মতিক্রমে ম্যানেজিং কমিটি সিদ্ধান্ত গ্রহণ করেছেন। একারণে সহকারী গ্রন্থাগারিক জনাব হীরা বিশ্বাসকে ১০ কোডে বেতন প্রদান করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায়, যশোর শিক্ষা বোর্ড ও জেলা প্রশাসক, নড়াইল-এর উভয়ের নির্দেশ অমান্য করায় প্রবিধান ২০০৯-এর ৩৮ ধারা মোতাবেক চলমান ম্যানেজিং কমিটি কর্তৃপক্ষের নির্দেশক্রমে ভেঙ্গে দেয়া হলো।

প্রধান শিক্ষক

গোবরা প্রগতি মাধ্যমিক বিদ্যালয়(১১৮৪৮৫)

ডাক: গোবরা বাজার, উপজেলা : সদর, জেলা : নড়াইল

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৪

তারিখ : ১৭/০৯/২০২০ খ্রি.

স্মারক নং-বিঅ-৬/৬৫৩৫/৭৬৯(১-৭)

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো

১। জেলা প্রশাসক, নড়াইল।

২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, নড়াইল।

৩। জেলা শিক্ষা অফিসার, নড়াইল।

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, নড়াইল।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৬। সভাপতি, গোবরা প্রগতি মাধ্যমিক বিদ্যালয়, গোবরা বাজার, সদর, নড়াইল।

৭। সংরক্ষণ নথি।

zulfikar

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর